গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

## প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : নিতাই চন্দ্র দে সরকার
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

তারিখ : ৮ মে, ২০২৩, সময় : সকাল ১৫.৩০ টা
স্থান : মিনি কনফারেন্স রুম, ৭ম তলা হাজিরা : পরিশিষ্ট – ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি প্রকল্পের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রমসহ বিবিধ বিষয়ে আলোচনার জন্য প্রোগ্রাম ম্যানেজারকে অনুরোধ জানানো হয়। অতঃপর, সভাপতি কর্তৃক আলোচ্য বিষয়সমূহে সকলের মতামত আহবান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্পের কাজের সংক্ষিপ্ত বর্ণনা , বিগত মাসে প্রকল্পের অগ্রগতি, এই কম্পোনেন্ট এর সম্ভাব্য আউটকাম, চলমান এবং পরবর্তী কার্যক্রম সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে মাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০২। | দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ডাটাবেজ | দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির তথ্য সর্বশেষ হালনাগাদ এর তারিখ, হালনাগাদ বহির্ভূত কমিটির তথ্য, সময়সীমার মধ্যে হালনাগাদ না হলে সংশ্লিষ্ট কমিটিকে নোটিফিকেশন প্রেরণ ইত্যাদি কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ/ | ক) দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির তথ্য হালনাগাদ কার্যক্রম পর্যবেক্ষণ/ পর্যালোচনার জন্য ডাটাবেজের ড্যাশবোর্ডে একটি মনিটর ব্যবস্থা রাখতে হবে। | আইসিটি স্পেশালিস্ট |

| ক্র .নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | পর্যালোচনার বিষয়ে আলোচনা করা হয়। | | |
| ০৩। | প্রশিক্ষণ কার্যক্রম | সকল স্তরের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের বন্যার আগাম সতর্কবার্তা ও ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান বিষয়ে আলোচনা করা হয়। | জুন ২০২৩ এর মধ্যে প্রকল্প এলাকার জামালপুরের বিভিন্ন উপজেলায় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের বন্যার আগাম সতর্কবার্তা ও ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদানের কাজ শুরু করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও কমিউনিকেশন অফিসার |
| ০৪। | LiDAR সেন্সর ও ড্রোন ব্যবহারের মাধ্যমে স্থানিক জরিপ | প্রকল্প এলাকার টপোগ্রাফিক তথ্য সংগ্রহের জন্য দ্রুততম সময়ের মধ্যে অত্যাধুনিক প্রযুক্তি LiDAR সেন্সর ব্যবহার করে ড্রোন সার্ভের কাজ গাইবান্ধা জেলার বিপদাপন্ন ইউনিয়নসমূহে চলমান রয়েছে। এবছর বন্যা মৌসুমের আগে ড্রোন সার্ভের কাজ সম্পন্ন করার ক্ষেত্রে উদ্ভুত চ্যালেঞ্জসমূহ নিয়ে আলোচনা হয়। | ক) দ্রুততম সময়ের মধ্যে ড্রোন সার্ভের কাজ সম্পন্ন করার নিমিত্তে আরেকটি ড্রোন ব্যবহারের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।<br>খ) এ বিষয়ে অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন হবে। | প্রোগ্রাম ম্যানেজার, হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার ও জিআইএস স্পেশালিষ্ট |
| ০৫। | বিপদসীমা নির্ধারণ | চর-রাজিবপুর, সুন্দরগঞ্জ ও গাইবান্ধা সদরে আয়োজিত বিপদসীমা নির্ধারণ বিষয়ক পরামর্শ সভার সিদ্ধান্তসমূহ Advisory committee কে অবগত করার ব্যাপারে আলোচনা হয়। | Advisory committee-র সভায় নতুন পানি সমতল গেজ স্থাপনের বিষয়ে প্রাপ্ত মতামত উপস্থাপন এবং গেজ স্থাপনের জন্য আরো নতুন স্থানের পরামর্শ গ্রহণ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও কমিউনিকেশন অফিসার |
| ০৬। | ভয়েজ মেসেজ পোর্টাল | বন্যা মৌসুমে ভয়েস মেসেজের মাধ্যমে আগাম সতর্কাবার্তা প্রচারের জন্য সিস্টেম ডেভেলপমেন্ট ও সিস্টেম টেকসইকরণে উপযুক্ত VOIP সার্ভিস প্রোভাইডার নির্ধারণের বিষয়ে আলোচনা হয়। | বিটিসিএল, টেলিটক কোম্পানির সাথে ভয়েজ মেসেজ প্রেরণ সম্পর্কিত বিষয়ে আলোচনার উদ্দেশ্যে সভায় আয়োজন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার ও কমিউনিকেশন অফিসার |

| ক্র .নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৭। | তথ্য শিক্ষা যোগাযোগ (IEC) উপকরণ | পানি সমতল গেজ, বন্যায় আগাম করণীয়সমূহ, সতর্কবার্তা প্রাপ্তির উৎস সম্পর্কিত পোস্টার এবং বন্যার পূর্বাভাস ব্যবস্থা ও বিভিন্ন খাতের ক্ষয়ক্ষতি কমাতে করনীয় সম্পর্কে প্রস্তুতকৃত ড্রাফট Brochure নিয়ে আলোচনা হয়। | আগামী জুন ২০২৩ মাসের মধ্যে খসড়া উপকরণসমূহ একটি কর্মশালায় উপস্থাপনের মাধ্যমে ডিডিএম, এলজিইডি, FFWC, CPP সহ অন্যান্য সংশ্লিষ্টদের মতামত গ্রহণপূর্বক চূড়ান্ত করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, জিআইএস স্পেশালিস্ট ও কমিউনিকেশন অফিসার |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০০১.২৩. ৪২(৫)

তারিখ: ০৯-০৫-২০২৩ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।
০২। উপ-প্রকল্প সমন্বয়ক (ICT/ GIS ও RM), প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
০৩। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।
০৪। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৫। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৬। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৭। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৮। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
০৯। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১০। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১১। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১২। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৩। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট (প্রকল্প সমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪। অফিস কপি/ গার্ড ফাইল।

০২/০৫/২০২৬

(মোঃ হাফিজুর রহমান)
উপ-প্রকল্প সমন্বয়ক (GIS-RM)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট